

ফোন :  
অফিস : ৯৫৫০৩৫৩



গোপনীয়

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড শৃংখলা পরিদপ্তর

১৪৯, আনসার চেম্বার(৭ম তল) মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নং- ১৭৮ -পাউবো/শৃং/শা-২/অভি(ক)-১৯/২০১৮

তারিখঃ ৩০-০২-১৪২৬ বঙ্গাব্দঃ

১৩-০৬-২০১৯ খ্রিঃ

দপ্তরাদেশঃ


জনাব এম শামীম আহসান, সাবেক উপপরিচালক, প্রধান প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা বর্তমানে উপপরিচালক (অন্য মামলায় সাময়িকভাবে বরখাস্তকৃত), নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৯.১৮-৪৩৭ তারিখ ২৮-০৮-২০১৮ খ্রিঃ মোতাবেক "অসদাচরণের কারণে বাংলাদেশের পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ" শিরোনামে প্রাপ্ত উপস্থাপিত পত্র হতে দেখা যায় তিনি গত ১৩-০৮-২০১৮ তারিখে বেলা ১১.০০ টায় ব্যবসায়ী ছদ্মবেশে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয়ের সাথে সাক্ষাৎ করেন। তিনি নিজেকে বাংলাদেশ আওয়ামী লীগের একজন সক্রিয় কর্মী হিসেবে পরিচয় দেন এবং বাপাউবো'র বাস্তবায়নাধীন একটি প্রকল্পে নারায়নগঞ্জ ডকইয়ার্ডের কার্যাদেশ বাতিলের বিরোধিতা করেন। তিনি বাপাউবো'র সকল কর্মকর্তাকে অসৎ অভিহিত করেন এবং ঘুষ ছাড়া বাপাউবো'র কর্মকর্তারা কোন কাজ করে না মর্মে জোর দাবী করেন। নারায়নগঞ্জ ডকইয়ার্ডের বাতিলকৃত কার্যাদেশ বহাল রাখার জন্য মাননীয় সচিব মহোদয়কে ঠগ প্রয়োগ করেন। বাক-বিতস্তার এক পর্যায়ে জানা যায় যে, তিনি বাপাউবো'র একজন উপ-পরিচালক এবং নারায়নগঞ্জ ডকইয়ার্ডের সব-কন্ট্রোলার হিসেবে জড়িত। উক্ত অনিয়মের অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক তার বিরুদ্ধে কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৭(২),(ক),(খ),(ঙ),(ছ), ৪৭(৩) ও ৪৮(খ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং ২৮০-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-১৯/২০১৮ তারিখ ২৪-০৯-২০১৮ খ্রিঃ মোতাবেক তার বিরুদ্ধে অভিযোগনামা দায়ের করা হয়। উক্ত অভিযোগনামার প্রেক্ষিতে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে তার দাখিলকৃত জবাব পর্য্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিষয়টি অধিকতর যাচাইয়ের নিমিত্ত শৃংখলা পরিদপ্তরের স্মারক নং- ৩৫৫-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-১৯/২০১৮ তারিখ ০৬-১২-২০১৮ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। পরবর্তীতে শৃংখলা পরিদপ্তরের স্মারক নং- ১৭-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-১৯/২০১৮ তারিখ ২১-০১-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে উক্ত তদন্ত কমিটি পুনর্গঠন পূর্বক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়।

অঃপঃদ্রঃ

২। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব এম শামীম আহসান, উপপরিচালক (সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপপ্রবিধান (১)(ক)(উ) মোতাবেক তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের ০২(দুই) ধাপ নিম্নে অবনমিতকরণ (drop off to a lower stage in the concern pay scale) দণ্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব এম শামীম আহসান, উপপরিচালক (সাময়িকভাবে বরখাস্তকৃত), নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মচারী ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(উ) মোতাবেক তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের ০২(দুই) ধাপ নিম্নে অবনমিতকরণ (drop off to a lower stage in the concern pay scale) দণ্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

  
২৬/০৬/২০১৬

(ফেরদৌসি বেগম)

পরিচালক

পরিচিতি নম্বরঃ ৬০১২৩০০০১

টেলিফোন নম্বরঃ ৯৫৫০৩৫৩

dir.discipline.bwdb@gmail.com

নং- ১৭৮(৮)-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-১৯/২০১৮

তারিখঃ ৩০-০২-১৪২৬ বঙ্গাঃ

১৩-০৬-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। প্রধান প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা।

২। সচিব, বাপাউবো, ঢাকা।

৩। পরিচালক, কর্মচারী/কর্মচারী উন্নয়ন/হিসাব রক্ষণ/অডিট পরিদপ্তর/ নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৪। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


৬। উপ-পরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র/ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।

৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

৮। জনাব এম শামীম আহসান, উপপরিচালক (সাময়িকভাবে বরখাস্তকৃত), নিরাপত্তা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্বাক্ষরিতঃ ২০১৬

তারিখঃ ০৭/৬/১৬

  
২৬/০৬/২০১৬

(ফজলুল করিম)

উপ-পরিচালক

পরিচিতি নম্বর-৬৪০৩১১০০১

টেলিফোন -৯৫৬৯৭৭৯।

D:\ASMA2\punishment-2016.doc p-14

অতিরিক্ত সচিব, অতিরিক্ত মহাপরিচালক